REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

সম্পাদক—শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য ৴১০ দুই পয়সা। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া স্বয়ং আসিয়া বা করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদাদি নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইতে হইবে।

শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


## বিজ্ঞাপন।

গ্রাহকগণের প্রতি নিবেদন :—

আমাদের দোকানে চাঁদি, সোনা, গিনি মোহর এবং সকলপ্রকার স্বর্ণ ও রৌপ্যের অলঙ্কার সর্ব্বদা বিক্রয়ার্থ প্রস্তুত থাকে। কোন অলঙ্কার প্রস্তুত করিতে দিলে আমরা নির্দ্দিষ্ট দিনে দিয়া থাকি। মফঃস্বলে ভিঃ, পিঃ, তে মাল পাঠান হয়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীবিভূতিভূষণ দে এণ্ড ব্রাদার্স

জঙ্গিপুর, সাহেব বাজার, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵০ আনা।

ডাঃ নন্দলাল পাল।

রঘুনাথগঞ্জ।


১০ম বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৯ই আশ্বিন বুধবার ১৩৩০ ইংরাজী 26th September 1923. | ১৫শ সংখ্যা।


# হিলিংবাম

গত ২৯ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

### ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না অথবা পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। আই, এম, এস,—কর্ণেল কে, পি, গুপ্ত, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি লেঃ কর্ণেল এন, পি, সিং, এম, আর, সি, পি, এম,আর, সি, এস এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২॥০
" " ছোট শিশি ১৸০

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর সম্মুখে গরম পড়িতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি এক দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া দাদ, অর্শ, কাউর, বাত আমবাত যদি কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল স্থায়ী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো মন্ত্রমুগ্ধের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতিশিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫॥০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

## গুণে গন্ধে সৌরভসম্পদে কেশরঞ্জন অদ্বিতীয়।

কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।

কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।

কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।

কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।




কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।

কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।

কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।

কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

### রমণী-রক্ষায় অশোকারিষ্টের মত শ্রেষ্ঠ ঔষধ নাই।

অশোকারিষ্ট ঋষিদের উর্ব্বর মস্তিষ্কজাত—রমণী কল্যাণকর মহৌষধ। স্ত্রীস্বভাবসুলভ ব্যাধিসমূহে ইহার কার্য্যকারিতা অসীম। অনেক সঙ্কটক্ষেত্রে অথবা চিকিৎসক পরিত্যক্ত রোগীকে, ইহা শান্তি-প্রদ আরোগ্য প্রদান করিয়াছে। "অশোকারিষ্ট" রমণীরক্ষক—রমণীর রোগ বিদূরিত হয়—আর ঔষধ রমণী সন্তানের দারুণ নিরাশা-বন্ধন হইতে চিরবিমুক্ত হয়। "অশোকারিষ্ট" ব্যবস্থা করিয়া আমরা অনেক সম্ভ্রান্ত কুল-মহিলাকে কষ্টসাধ্য রমণী সুলভ সাংঘাতিক ব্যাধির কবল হইতে বিমুক্ত করিয়াছি। বাঙ্গালীর শান্তিময় সংসারের লক্ষ্মীরূপিণী রমণীদের রক্ষা করা যদি একটী পবিত্র ব্রত ও কর্ত্তব্য বলিয়া মনে করেন, তবে তাঁহাদের রোগসংবাদ শ্রবণ মাত্রেই "অশোকারিষ্ট" লইয়া ব্যবহার করিতে দিন।

মূল্য প্রতি শিশি ... ১॥০ দেড় টাকা।
প্যাকিং ও ডাকমাশুল ... ৸৴০ দশ আনা।

### হতাশের আশার কথা—বিনামূল্যে ব্যবস্থা।

মফঃস্বলের রোগিগণের অবস্থা এক আনায় টিকিটসহ আনুপূর্ব্বিক লিখিয়া পাঠাইলে, ব্যবস্থা পাঠাইয়া থাকি।

আমাদের ঔষধালয়ে তৈল, ঘৃত, আসব, অরিষ্ট, জারিত ও শোধিত ধাতুজব্যাদি, এবং স্বর্ণঘটিত মকরধ্বজ, মৃগনাভি প্রভৃতি সকলই সুলভ মূল্যে পাওয়া যায়।

## কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।

ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশান্তিপদ সেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ।

৯ই আশ্বিন বুধবার ১৩৩০ সাল।

## বরেন্দ্র ঘোষের ফাঁসীর হুকুম বাহাল।

—:•:—

শাঁখারিটোলার পোষ্ট মাষ্টার অমৃতলাল রায়ের হত্যাপরাধে আসামী বরেন্দ্র কুমার ঘোষের ফাঁসীর হুকুম হইয়াছিল। বরেন্দ্র কুমার এই দণ্ডের বিরুদ্ধে আপীল করায় হাই-কোর্টের ফুল বেঞ্চে শ্রীযুক্ত আশুতোষ মুখোপাধ্যায়, মিঃ সি, সি, ঘোষ, মিঃ কামিং, মিঃ পেজ, মিঃ রিচার্ডসন—এই পাঁচজন বিচারপতি মোকদ্দমাটীর পুনর্ব্বিচার করেন। আসামী পক্ষে ব্যারিষ্টার মিঃ বি, সি, চ্যাটার্জ্জী বরেন্দ্র ঘোষের পূর্ব্ব দণ্ডাজ্ঞা মকুপ করিবার জন্যে নিযুক্ত হইয়াছিলেন। কিন্তু সকল বিচারপতিই একমত হইয়া পূর্ব্বের রায়ই বাহাল রাখিয়াছেন।

## সাড়ে তিন বৎসরের মেয়ের উপার্জ্জন।

—:•:—

পেগী মণ্টগোমারীর বয়স মাত্র সাড়ে তিন বৎসর, কিন্তু এই মেয়েটীকে বায়োস্কোপে ফিল্ম তুলিতে আমেরিকার এক সিনেমা কোম্পানী তিন বৎসর অভিনয়ের জন্য প্রায় পঞ্চাশ লক্ষ টাকা দিবে বলিয়া চুক্তি করিয়াছে। এত অল্প বয়সে এ পর্য্যন্ত কোন অভিনেত্রী অভিনয়ও করিতে পারে নাই, আর এত টাকা উপার্জ্জন করিতেও সক্ষম হয় নাই।. কথাটা শুনিয়া মনে হয় আজগুবি। আমেরিকার রাষ্ট্রপতি প্রেসিডেণ্টের তিন বৎসরের বেতন ৬ লক্ষ ৭৫ হাজার টাকা আর সাড়ে তিন বৎসরের বালিকার তিন বৎসরের উপার্জ্জন প্রায় পঞ্চাশ লক্ষ টাকা। রাজ্য পরিচালনা ও মানব হৃদয়ে আনন্দ যোগানোর মূল্য এমনি।

## পৃথিবী ও ভারতবর্ষ।

—:•:—

লণ্ডনের টাইমস্ পত্রিকায় প্রকাশিত হইয়াছে পৃথিবীর লোক সংখ্যা নাকি প্রায় ১৮০ কোটী, তন্মধ্যে এসিয়ায় প্রায় ৯০ কোটী, ইউরোপে ৫০ কোটী, আফ্রিকায় ১৫ কোটী আর অন্যান্য স্থানে বাকি ২৫ কোটী লোকের বাস। সমগ্র পৃথিবীতে যত লোক আছে তাহার অর্দ্ধেকই এসিয়া মহাদেশে, আর সমগ্র এসিয়ার এক তৃতীয়ের অধিক লোকই ভারতবাসী। কিন্তু হায়! জনবলে যে দেশ এসিয়ার এক তৃতীয়াংশ, শিক্ষা ও সভ্যতায় তাহার স্থান কত নীচে! আরো দুর্ভাগ্য এই পাঁচ কোটীরও কম গ্রেটব্রিটেনবাসী পৃথিবীতে ৪৫ কোটী মানবের উপর শাসন চালাইতেছে। আর তার মধ্যে ভারতবাসী প্রায় ৩২ কোটী। অধঃপতনের এই তিমির দুয়ার খুলিবে কবে?

## প্রেতের সন্ধানে।

—:•:—

বৈজ্ঞানিক মহলের বড় বড় পাণ্ডারা বর্ত্তমানে প্রেততত্ত্বের আলোচনায় মনোনিবেশ করিয়াছেন। বিলাতের শ্রেষ্ঠ পদার্থ বিজ্ঞানবিদ্ সার ওলিভার লজ্ বৃদ্ধ বয়সে মৃত্যুর পরপারের তত্ত্বানুসন্ধানেই উঠিয়া পড়িয়া লাগিয়াছেন। গ্রামোফন, বিজ্‌লী বাতী আবিষ্কর্ত্তা এডিসন্ সাহেব নাকি এমন এক যন্ত্র উদ্ভাবনের চেষ্টা করিতেছেন যাহার সাহায্যে অশরীরী আত্মারা শরীরীদের কাছে তাহাদের মনের কথা বলিতে পারিবে। ডিটেক্‌টিভ উপন্যাস লেখক সার আর্থার কনান ডয়েলও ঐ পথের পথিক। কিছুদিন আগে তিনি প্রেতের সন্ধানে ভারতবর্ষে আসিয়াছিলেন।

## মার্কিন বৈষ্ণব।

—:•:—

কিছুদিন হইল কতিপয় মার্কিন ভ্রমণকারী এদেশে আসেন। তাঁহাদের কয়েকজনের ভগবান শ্রীকৃষ্ণের প্রতি প্রগাঢ় ভক্তি জন্মে। যমুনা তীরে মস্তক মুণ্ডন করিয়া ভক্তিযুক্ত মনে তাঁহারা বৃন্দাবন গমন করেন। কিন্তু মন্দিরের পুরোহিতেরা তাঁহাদিগকে মন্দিরে প্রবেশ করিতে প্রথমতঃ আপত্তি প্রকাশ করেন। পরিশেষে মার্কিন ভদ্রলোকদিগের আগ্রহে এবং স্থানীয় কতিপয় ব্যক্তিগণের অনুরোধে মন্দিরের দ্বার খুলিয়া দেওয়া হইলে তাঁহারা শ্রদ্ধাসহকারে মূর্ত্তি দর্শন করেন।

## কলিকাতায় ধরপাকড়।

—:•:—

গত ২৪শে সেপ্‌টেম্বর মঙ্গলবার প্রাতে কলিকাতা পুলিশ অনেক বাড়ী চড়াও করিয়া ১১ জনকে ১৮১৮ সনের ৩ আইনের বেড়াজালে গ্রেপ্তার করিয়াছে। তাঁহাদের নাম নিম্নে দেওয়া হইল।

১। উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, সম্পাদক 'আত্মশক্তি'। ২। ভূপতিনাথ মজুমদার, সেক্রেটারী বি, পি, সি, সি। ৩। অমরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, পরিচালক চেরী প্রেস। ৪। ডাক্তার যাদুগোপাল মুখোপাধ্যায়। ৫। ভুপেন্দ্রনাথ দত্ত, দৌলতপুর সত্যাশ্রম। ৬। মনমোহন ভট্টাচার্য্য, ভূতপূর্ব্ব সেক্রেটারী সার্ভেণ্ট। ৭। রমেশচন্দ্র চৌধুরী, হিন্দুস্থান পাবলিসিং হাউস। ৮। রবীন্দ্রনাথ সেন সহঃ সম্পাদক 'স্বরাজ'। ৯। অমৃতলাল সরকার, পরিচালক 'গ্র্যাজুয়েট ইউনিয়ন'। ১০। জ্যোতিশচন্দ্র ঘোষ, ভুতপূর্ব্ব প্রফেসার হুগলী কলেজ। ১১। মনোরঞ্জন গুপ্ত, পরিচালক সরস্বতী লাইব্রেরী। প্রকাশ যে বন্দীদিগের মধ্যে ছয়জনকে বোম্বাই মেলে মেদিনীপুরের সেণ্ট্রাল জেলে পাঠান হইয়াছে। আর বাকি কয়জনকে আলিপুর সেণ্ট্রাল জেলে রাখা হইয়াছে।

## কলিকাতার গঙ্গায় নূতন পোল।

—:•:—

বাঙ্গলা গবর্ণমেণ্ট বর্ত্তমান হাওড়া ব্রিজের পরিবর্ত্তে গঙ্গার উপরে একটী নূতন সেতু নির্ম্মাণ করিবার প্রস্তাব করিয়াছেন। এ বিষয়ে কলিকাতা করপোরেষণের মত চাওয়া হইয়াছিল। করপোরেষণ বলিয়াছেন যে, সম্প্রতি এই নূতন ব্রিজ তৈরী করিতে হইলে প্রায় ৬ কোটি ৩৮ লক্ষ টাকা ব্যয় পড়িবে, আর দেশের বর্ত্তমান আর্থিক অবস্থা এত শোচনীয় যে, এত টাকা কখনই ব্যয় করা যাইতে পারে না। করপোরেষণ আরও বলিয়াছেন, আপাততঃ নূতন ব্রিজ তৈরী করা অত্যাবশ্যক নয়; পুরাতন ব্রিজ সংস্কার করিয়া লইলেই বহু বৎসর কাজ চলিতে পারে।

## কনষ্টেবলের সৎসাহস।

—:•:—

কৃষ্ণনগরের সন্নিহিত ঘূর্ণী নামক স্থানের অধিবাসী মন্মথনাথ পালের স্ত্রী খড়িয়া নদীতে স্নান করিতে গিয়া ডুবিয়া যায়। ঘাটের অন্যান্য স্ত্রীলোকদিগের চীৎকার শুনিয়া ফৈজ সেখ নামক একজন কনষ্টেবল দৌড়াইয়া আসে এবং নদীর মধ্যে ডুব দিয়া অতি কষ্টে স্ত্রীলোকটিকে উদ্ধার করে। কনষ্টেবলটি তাহার সৎসাহসের জন্য পুরস্কৃত হইয়াছে।

## নোটীশ।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে বঙ্গীয় ব্যবস্থাপক সভার ও নিখিল ভারতীয় ব্যবস্থা পরিষদের সভ্য দ্বিতীয়বার নির্ব্বাচিত হইবে। তজ্জন্য আগামী ৮ই অক্টোবর ১৯২৩, অপরাহ্ণ ৩ ঘটিকার মধ্যে নির্ব্বাচন (nomination) পত্রিকা রিটার্ণিং অফিসারের নিকটে দাখিল করিতে হইবে। নির্ব্বাচন পত্রিকা পরীক্ষা (scrutiny) করিবার দিন ১১ই অক্টোবর ১৯২৩ সাল ধার্য্য হইয়াছে ইতি—

Berhampur
18. 9. 1923.

(Sd.) H. N. Mullick.
For District Officer,
Murshidabad.

## বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জানান যাইতেছে যে আমার স্বামী ৺প্রতাপ চন্দ্র রায় চৌধুরী মহাশয় আমাকে একমাত্র স্ত্রী ওয়ারীশ রাখিয়া পরলোক গমন করিবার পর হইতে আমি তাঁহার ত্যক্ত সম্পত্তিতে বরাবর সত্ববতী ও দখলকারিণী আছি। আমি পর্দ্দানশীন স্ত্রীলোক বিধায় গত কয়েক বৎসর হইতে আমার নিযুক্ত গোমস্তা শ্রীযুক্ত বগলাপ্রসন্ন রায় চৌধুরী আমার পক্ষ হইতে আদায় তহশীলাদি সকল কার্য্য করিয়া আসিতেছেন। শ্রীযুক্ত পূর্ণ চন্দ্র রায় চৌধুরী আমার অনুমতি মতে আমার বিষয় সম্পত্তির সময় সময় তত্ত্বাবধান করিতেন। উক্ত পূর্ণ চন্দ্র রায় চৌধুরী নানারূপ অন্যায় ও ক্ষতিকর কার্য্য করায় আমি তাঁহাকে আমার সম্পত্তি তত্ত্বাবধান করিতে নিষেধ করিয়াছি এবং তাঁহাকে আর উক্ত কার্য্য করিতে দিতে ইচ্ছা করি না। কেহ তাঁহাকে আমার প্রাপ্য খাজনা বা কারকসল দিলে বা তাঁহার সহিত আমার বিষয় ও কার্য্যকলাপ সংক্রান্ত কোন

কার্য্য করিলে আমি তাহাতে বাধ্য হইব না এবং কেহ তাহা মজুরা পাইবেন না। শ্রীযুক্ত বগলাপ্রসন্ন রায় চৌধুরী পূর্ব্ববৎ আমার গোমস্তা বাহাল আছে এবং তাহার উপর পূর্ব্ববৎ আদায় তহশীলের ভার আছে। তাঁহার নিকট হইতে আমার বকলমে তাহার দস্তখতি আমার মোহরাঙ্কিত আমার সেরেস্তার প্রচলিত চেক দাখিলা লইয়া ও রসিদ লইয়া সকলে খাজনা ও ভাগফসল দিতে পারিবেন। ইতি সন ১৩৩০ সাল তারিখ ১লা আশ্বিন।

শ্রীযুক্তা তরঙ্গ তারিণী চৌধুরাণী।
সাকিম রঘুনাথগঞ্জ।

## বিজ্ঞাপন।

এতদ্দ্বারা প্রকাশ করা যাইতেছে যে আমি গত চৈত্র ও বৈশাখ মাসে কলিকাতা থাকা সময়ে আমার অনুপস্থিতে আমার প্রাইভেট ষ্টেটের চার্জ্জ ও দলিল দস্তাবেজের বাক্স এবং আলমারীর চাবী আমার কর্ম্মচারী শ্রীযুক্ত নগেন্দ্র ভূষণ ঘোষ ওরফে অতুল চন্দ্র ঘোষের তত্ত্বাবধানে ছিল ঐ সময়ে তিনি কাহাকেও কিছু না বলিয়া ও চার্জ্জ বুঝাইয়া না দিয়া অনুপস্থিত অবস্থায় ধুলিয়ান বাজারে বেশ্যালয়ে বাস করিতে থাকেন। আমি কলিকাতা হইতে আসিয়া তাহার কার্য্যে বিশেষ সন্দেহজনক বিবেচনা করিয়া সেরেস্তার দলিল দস্তাবেজ অনুসন্ধান করিতে জানিতে পারিলাম যে আমার আত্মীয় শ্রীযুক্ত শরৎ ভূষণ বসু মহাশয় বরাবর লিখিয়া দেওয়া জেলা মালদহের অধীন বিনোদপুর সাকিমের জামিরুদ্দিন মকসদ আলি বিশ্বাস দিগর দস্তা সন ১৩২৬ সালের ২৮শে জ্যৈষ্ঠ তারিখের সম্পাদিত ৩৯৯৲ টাকার একখানি রেহেনী রেজিষ্টারীকৃত তমসুক যাহা আমার জিম্মায় ছিল তাহা দলিলের বাক্সে নাই। আমার দৃঢ় বিশ্বাস উক্ত দলিল কথিত দেনদারের সহিত যোগসাজসে নগেন্দ্র ভূষণ ঘোষ ওরফে অতুল চন্দ্র ঘোষ গোপন করিয়াছেন। এই সন্দেহমূলে এই বিষয় সমসেরগঞ্জ থানায় রোজনামচা জানাইয়া রাখা হইয়াছে। ঐ দলিলের পাওয়ানা বাবদ দেনদারগণ এ পর্য্যন্ত কপর্দ্দক আদায় দেয় নাই সুতরাং ওয়াশীল সম্বন্ধে উক্ত অতুল বাবুর হাতের দলিলের পৃষ্ঠের কোন ওয়াশীল দেওয়া দেওয়া বা পৃথক রসিদ থাকিলে ঐ ওয়াশীল যোগসাজসী প্রবঞ্চনামূলক গণ্য হইবেক। তদ্বারা মহাজন বাধ্য হইবেক না। যেহেতু অতুল বাবু শরৎ ভূষণ বসুর কোন কর্ম্মচারী ছিলেন না বা তাঁহাকে ঐ প্রকার টাকা আদায় বা রসিদ দিবার কোন প্রকার ক্ষমতা দেওয়া ছিল না। প্রকাশ থাকে যে আমাদের প্রাইভেট সম্বন্ধীয় উক্ত অতুল বাবুর দস্তা কোন প্রকার কর্জ্জ খাজানা ইত্যাদি বাবদ রসিদ দেওয়া বা বিনা রসিদের কোন টাকা আমি মজুরা দিব না বা দিতে বাধ্য নহি। তাঁহার কৃত ঐ প্রকার কার্য্য সমস্তই নাকচ হইবে ইতি—

শ্রীধীরেন্দ্র নাথ রায়।
সাং কাঞ্চনতলা।

## ডাঃ কিশোরীমোহন সিংহ এম, বি,

**চক্ষু, কর্ণ, নাসিকা ও কণ্ঠ চিকিৎসায় বিশেষজ্ঞ**

মেডিক্যাল কলেজ হাসপাতাল, দ্বারভাঙ্গা সরকারি হাসপাতালের ভূতপূর্ব্ব লব্ধপ্রতিষ্ঠ চিকিৎসক ও বর্ত্তমান কারমাইকেল মেডিক্যাল কলেজ হাসপাতালের চক্ষু-চিকিৎসক।

**ছানি প্রভৃতি সর্ব্বপ্রকার চক্ষু চিকিৎসা,**

করা হয়। চক্ষু পরীক্ষা করিয়া চশমার ব্যবস্থা করা হয়।

**পলিপাস, এডিনয়েড ও টন্‌সিল**

অপারেশনের সুন্দর ব্যবস্থা আছে। বধিরতা ও কর্ণস্রাব প্রভৃতি কর্ণরোগের এবং নাসারোধ ও রক্ত পূজ পড়া প্রভৃতি নাসিকারোগের চিকিৎসা করা হয়।

রোগী দেখা ও পরামর্শের সময় ও স্থান :—

প্রাতে ৭টা হইতে ৮টা পর্য্যন্ত, দ্বিপ্রহরে ২টা হইতে ৪টা পর্য্যন্ত—নিজ বাসাবাটী ৫০।৩ হরিশ মুখার্জ্জির রোড ভবানিপুর, কলিকাতা। টেলিফোন নং ৩৭২৫

দ্বিপ্রহরে ১১টা হইতে ১২টা পর্য্যন্ত, বৈকালে ৫টা হইতে ৭টা পর্য্যন্ত—আই, ইয়ার, নোজ, থ্রোট ক্লিনিক, রুম নং ২২ কলেজ ষ্ট্রীট মার্কেট দোতালায়।

---

**সি, কে, সেন এণ্ড কোং লিমিঃ**
২৯ নং কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

**কবিরাজ চন্দ্রকিশোর সেন মহাশয়ের**
আয়ুর্ব্বেদ বিদ্যালয় ও ঔষধালয়।

* * * ১২৮৫ সালে স্থাপিত * * *

হায়দ্রাবাদ, ত্রিবাঙ্কুর, বরদা, পাতিয়ালা, ইন্দোর,
কাশ্মীর, যোধপুর, ভরতপুর, কাশী,
গোয়ালিয়ার, কোলাপুর,
বলরামপুর,
ইত্যাদি প্রদেশের

—নৃপকুলবৃন্দ পৃষ্ঠপোষিত—

**সাধারণ দূরারোগ্য রোগের কতিপয় পরীক্ষিত মহৌষধ।**

| | |
|---|---|
| অমৃতাদি কষায় | সর্ব্বপ্রকার নূতন ও পুরাতন জ্বরের পাচন। এক শিশি ১৲ : ডাকে ১৸৹ আনা। |
| কাঞ্চন ঘৃত | সর্ব্বপ্রকার স্ত্রীরোগের অব্যর্থ মহৌষধ। এক পোয়া ৫৲ টাকা : ডাকে ৫৸৹ আনা। অর্দ্ধ পোয়া ২৷৹ টাকা : ডাকে ৩৴৹ আনা। |
| কনকাষ্টক | ক্রিমি রোগের অমোঘ মহৌষধ। এক কৌটা ১৲ টাকা; ডাকে ১।৹ আনা। |
| কর্পূরাসব | প্রবল উদরাময় ও ওলাউঠার মহৌষধ। এক শিশি ৷৹ আট আনা; ডাকে ৸৵৹ আনা। |
| কুটজাসব | রক্তামাশয় ও তদসংক্রান্ত জ্বর, শোথ, অরুচি, উদরে বেদনা ইত্যাদি প্রশমিত হয়। এক শিশি ২৲ টাকা; ডাকে ২৸৹ |
| ক্ষতান্তক তৈল | দুষ্টক্ষত, নালী ঘা, কাণে পূয, নাল্লাঙ্গা ঘা, বালকদিগের খোস পাঁচড়া ও সর্ব্বপ্রকার ক্ষতরোগের আশু ফলপ্রদ ঔষধ; এক শিশি ১৲ টাকা; ডাকে ১।৴৹। |
| ক্ষুধাবতী | অম্লপিত্ত, অগ্নিমান্দ্য, অজীর্ণ, প্রভৃতি উপদ্রবের মহৌষধ এক শিশি ১৲ টাকা; ডাকে ১।৹ আনা। |
| দশনকান্তি চূর্ণ | দাঁতের গোড়া ফোলা ব্যথা হওয়া, দন্তবেষ্টের রক্ত ও পূযাদি স্রাব বন্ধ করিতে অদ্বিতীয়। এক কৌটা ৷৹ আনা; ডাকে ৸৹ |

**নিবেদন** — অর্ডার পাঠাইবার সময় স্বীয় নাম ও ঠিকানা খুব স্পষ্ট করিয়া লিখিবেন।

"য়্যাড্ ইটু"

সি কে সেন এণ্ড কোং লিমিটেড্
তারের ঠিকানা : "কিরীশিয়ান"
টেলিফোন নং : ২৭১৫ বলি :
২৯ নং, কলুটোলা ষ্ট্রীট, কলিকাতা।

